# ভোটার নিবন্ধনের সচরাচর জিজ্ঞাসা করা প্রশ্নমালা

### কিভাবে আমি  ভোটের  জন্য নিবন্ধিত হবো?

ভোটার নিবন্ধনের ফর্ম পূরণ করে সরাসরি বা ডাক যোগে NYC বোর্ড অফ ইলেকশন-এ (BOE) দাখিল করতে পারেন। আপনি BOE ওয়েবসাইড (www.vote.nyc.ny.us) থেকে নিবন্ধনের  ফর্ম নামাতে পারেন, আপনার স্থানীয় BOE অফিস থেকে সংগ্রহ করতে পারেন, অনেক NYC এজেন্সির গ্রাহক সেবা কেন্দ্র থেকে বা 866-VOTE-NYC (212-487-5496 শ্রবণ প্রতিবন্ধীদের জন্য) নম্বরে ফোন করে ডাক যোগে পাঠানোর জন্য অনুরোধ করতে পারেন। NY-র বাসিন্দারা অনলাইনেও নিবন্ধন করতে পারেন (নিম্নে দেখুন)। আপনি যে নির্বাচনে ভোট দিতে চান তার  ২৫ দিন পূর্বের তারিখযুক্ত ডাকঘরের  মোহর বা সশরীরে সরাসরি নিবন্ধন ফর্ম জমা দেয়াই হোলো নিবন্ধন হওয়ার শেষ সময়সীমা। আপনি একটি রাজনৈতিক দলে অন্তর্ভুক্ত হতে চান, তবে যে দলে আপনি অন্তর্ভুক্ত হতে চান তা আপনার রেজিস্ট্রেশন ফর্মে  উল্লেখ করা নিশ্চিত করুন।

### আমি কি অনলাইনে ভোটের জন্য নিবন্ধন করতে পারি?

অনলাইনে DMV-র মাধ্যমে ভোটার নিবন্ধন করা যায়, কিন্তু এজন্য একটি নিউ ইয়র্ক ষ্টেট-এর বৈধ আইডির প্রয়োজন।  অন লাইনে নিবন্ধন এবং প্রোফাইল বানানোর জন্য DMV-র ওয়েব সাইটটি দেখুন: http://dmv.ny.gov/more-info/electronic-voter-registration-applicationl

### একটি রাজনৈতিক দল কি?

নিউ ইয়র্ক ষ্টেটে একটি রাজনৈতিক দল হলো একটি রাজনৈতিক সংগঠন যাদের গভর্নর প্রার্থী সম্প্রতি নির্বাচনে ৫০,০০০ বা ততোধিক ভোট পেয়েছেন।  রাজনৈতিক দলগুলো প্রাইমারী নির্বাচনের আয়োজন করতে সক্ষম, যেখানে ভোটাররা দলে নিবন্ধিত হয়ে সাধারণ নির্বাচনের জন্য দলীয় প্রার্থী বাছাই করতে পারে। (ভোটাররা একটি দলে যোগ দিলেও তাঁরা সাধারণ নির্বাচনে যে কোন দলের যে কোন প্রার্থীকে ভোট দিতে পারবেন।) অন্যান্য রাজনৈতিক সংগঠনগুলো কেবলমাত্র সাধারণ নির্বাচনের ব্যালটে প্রার্থী দিতে পারবে, এবং নিউ ইয়র্ক ষ্টেটে   স্বাধীন সংগঠন হিসাবে পরিচিত।  স্বাধীন সংগঠনের উদাহরণের মধ্যে আছে সোশালিস্ট ওয়ার্কার্স এবং লিবারেতেরিয়ান সংগঠন সমূহ। প্রার্থীরা দলীয় ভাবে, স্বতন্ত্র ভাবে বা উভয়টি হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন।
২০১৬ সালে NYS রাজনৈতিক দল সমূহ (গত গভর্নর নির্বাচনে প্রাপ্ত ভোটের ভিত্তে ব্যালট অনুযায়ী)

- ডেমোক্রেটিক

- রিপাবলিকান
- কনজারভেটিভ
- ওয়ার্কিং ফ্যামিলিস
- স্বাধীন
- গ্রীন
- ওমেন’স ইকুয়ালিটি
- রিফর্ম

**আমাকে কি কোন রাজনৈতিক দলে অন্তর্ভুক্ত হতে হবে**?

সাধারণ নির্বাচনে ভোট দানের জন্য আপনাকে কোন রাজনৈতিক দলে অন্তর্ভুক্ত হবার প্রয়োজন নেই। তথাপি একটি রাজনৈতিক দলের নিবন্ধিত সদস্য হিসাবে সেই দলের প্রাইমারী নির্বাচনগুলোয় আপনি ভোট দিতে পারবেন এবং সাধারণ নির্বাচনে দলীয় প্রার্থী নির্ধারণে সহযোগিতা করবেন।

**আমি কিভাবে আমার রাজনৈতিক দল পরিবর্তন করতে পারি বা প্রথমবারের  জন্য একটি দলের অন্তর্ভুক্ত হতে পারি**?

আপনি যদি একজন নিবন্ধিত ভোটার হন যিনি প্রথমবারের মত একটি রাজনৈতিক দলে যোগ দিতে বা আপনার রাজনৈতিক দলের সদস্যপদ পরিবর্তন করতে চান, তবে আপনাকে নতুন ভোটার নিবন্ধন ফর্ম পূরণ করে জমা দিতে হবে। আপনার এই পরিবর্তন আবেদন **সাধারণ নির্বাচনের** কমপক্ষে ২৫ দিন পূর্বে পৌঁছাতে হবে আর প্রাইমারীর আগে যেটিতে আপনি ভোট দিতে চান (সাধারণত এর মানে হল **আগের** বছরের অক্টোবর মাস)।

**আমি যদি সামরিক বাহিনী বা বিদেশে বসবাস করি তবে ভোটার হিসাবে আমি কিভাবে নিবন্ধিত হতে পারবো**?

আপনি যদি U.S. মিলিটারিতে কর্মরত থাকেন, আপনি, আপনার স্বামী বা স্ত্রী এবং ভোট প্রদান করতে পারে এমন বয়সী কোন নির্ভরশীল পরিজন আপনার সাথে বসবাস করে, তবে নিউ ইয়র্ক ষ্টেটে মিলিটারি ভোটার হিসাবে নিবন্ধিত হতে পারেন। এর মানে হল ফেডারেল, ষ্টেট এবং স্থানীয় নির্বাচনে নিউ ইয়র্ক ষ্টেটের আপনার বাসভবনের ভিত্তিতে যেগুলোয় আপনি ভোট দানে যোগ্য সেগুলোর জন্য আপনি এবসেন্টি ব্যালট পেতে পারেন।

- একটি **ফেডারেল পোস্ট কার্ড আবেদন** মিলিটারি বা প্রবাসী (ফেডারেল) ভোটার হিসাবে পূরণ করে ডাক আপনার বারার বোর্ড অফ ইলেকশন অফিসে **মেইল পাঠিয়ে দিন।** পরবর্তী দুই ফেডারেল ইলেকশন চক্রের জন্য এই আবেদনপত্র আপনার **এবসেন্টি ব্যালট হিসাবেও কাজ করবে।**

● আপনি যদি নিবন্ধিত হন কিন্তু আপনার ঠিকানা পরিবর্তন হয়েছে, এমনকি আপনি যদি U.S. বাসায় ফিরে আসেন, আপনি অবশ্যই আপানার বারার বোর্ড অফ ইলেকশন অফিসে যোগাযোগ করুন এবং এবসেন্টি ব্যালট পাবার জন্য ঠিকানা পরিবর্তন অবহিত করুন।

● উপরোক্ত লিঙ্ক ছাড়াও, আপনার বেসের ভোটিং অ্যাসিসট্যান্স অফিসারের নিকট ফেডারেল পোস্ট কার্ড আবেদনপত্রের জন্য অনুরোধ করতে পারেন। এছাড়াও ফর্ম এবং আরও তথ্যের জন্য ফেডারেল ভোটিং অ্যাসিসট্যান্স প্রোগ্রাম ওয়েবসাইড বা মিলিটারি এন্ড অভারসীস ফেডারেল ভোটইং ওয়েবসাইড দেখতে পারেন।

● আপনি যখন নিবন্ধন ও আপনার ব্যালটের জন্য আবেদন করবেন, তখন আপনার ব্যালটটি কিভাবে পেতে চান তা উল্লেখ করুন (যেমনঃ ডাক, ফ্যাক্স বা ইমেইল)। ব্যালটটি আপনি যদি অনলাইনে পাওয়ার জন্য নির্ধারণ করেন তবে আপনি নিউ ইয়র্ক ব্যালট ডেলিভারি সাইডের নির্দেশনা সহ ইমেইল পাবেন, যেখানে আপনি আপনার ব্যালটটি পাবেন।

আপনার ব্যালট আপনি যেভাবেই পান না কেন, আপনাকে অবশ্যই ডাক যোগে বারার বোর্ড অফ ইলেকশন অফিসে আপনার **ব্যালটটি পৌছাতে হবে।**

● আপনি যদি ব্যালটের জন্য অনুরোধ করে থাকেন কিন্তু তা পাননি, তবে আপনি ফেডারেল রাইট-ইন এবসেন্টি ব্যালট ব্যবহার করতে পারেন এবং তা আপনার বারার বোর্ড অফ ইলেকশন অফিসে ফেরত পাঠাতে হবে।

● আপনার কোন প্রশ্ন থাকলে নিউ ইয়র্ক ষ্টেট বোর্ড অফ ইলেকশন (518) 473-5086 বা ফেডারেল ভোটিং অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (800) 438-8683-এ ফোন করুন। আপনার U.S. এমব্যাসিতে যোগাযোগ করতে পারেন।

## আমি জানি না যে, আমি ভোটের জন্য নিবন্ধিত কিনা- কিভাবে জানতে পারবো?

অনলাইনে দেখার জন্য ভোটার রেজিস্ট্রেশন লুক-আপ (http://voterlookup.elections.state.ny.us) ব্যবহার করুন বা সহযোগিতার জন্য ফোন করুন 866-VOTE-NYC।

## আমার নিবন্ধনের কি মেয়াদ উর্ত্তীন হতে পারে?

আপনার রেজিস্ট্রেশনের কোন মেয়াদ উর্ত্তীনের তারিখ নেই, কিন্তু তা নিষ্ক্রিয় হয়ে যেতে পারে, যদি আপনি বিগত দুটি ফেডারেল নির্বাচনে ভোট না দেন, বা আপনি ঠিকানা পরিবর্তন করেছেন এবং BOE তে আপনার নতুন ঠিকানার খবর জানান নাই।

## আমি যদি গতবার ভোট প্রদানের পর নিউ ইয়র্ক সিটির মধ্যে বাসা পরিবর্তন করে থাকি, তবে কি হবে?

যখন আপনি ঠিকানা পরিবর্তন করেন, নিউ ইয়র্ক ষ্টেটের আইনানুযায়ী ২৫ দিনের মধ্যে আপনার পরিবর্তিত ঠিকানা BOE-কে জানাতে হবে। নতুন ভোটার নিবন্ধন ফর্মের “ভোট দানের যে তথ্য

পরিবর্তন হয়েছে” বক্স সহ সকল তথ্য পূরণ করে জমা দিয়ে আপনি তা করতে পারেন। আপনার নতুন ও পুরাতন ঠিকানা লিখুন, যে দলে আপনি অন্তর্ভুক্ত হতে চান সে দলের বক্স চিহ্নিত করুন (আপনার পুরাতন ঠিকানায় যদি কোনো একটি দলের সঙ্গে অন্তর্ভুক্ত ছিলেন, তাহলেও এটা চিহ্নিত করুন) এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করুন। যদি আপনি বাসা পরিবর্তন করেছেন কিন্তু সময়সীমার মধ্যে BOE নিকট ঠিকানা পরিবর্তন না করে থাকেন, তবে আপনি অবশ্যই আপনার **নতুন** ভোট কেন্দ্রে গিয়ে এফিডেফিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। আপনার পরিবর্তিত ঠিকানার সংযোজন হয়েছে কিনা তা 866-VOTE-NYC নাম্বার-এ ফোন করে জেনে নিন।

## আমি যদি পারিবারিক সহিংসতা শিকার হই, তবে কি আমার রেজিস্ট্রেশন নথি গোপন রাখতে পারব?

আপনি যদি পারিবারিক সহিংসতা শিকার হন এবং আপনার ব্যক্তিগত তথ্যের সুরক্ষা নিয়ে আপনি উদ্বিগ্ন থাকেন, তবে **আপনার কাউন্টির নিউ ইয়র্ক সুপ্রিম কোর্ট থেকে আপনি একটি কোর্ট আদেশ নিতে পারেন যে, আপনার ভোটার নিবন্ধন নথি আলাদা রাখা হবে এবং জনসাধারণের জন্য প্রাপ্তিসাধ্য হবে না** পরিদর্শন বা কপি করার জন্য। কেবলমাত্র নির্বাচন কর্মকর্তা তাঁদের দাপ্তরিক কাজের পরিধির মধ্যে আপনার ভোটার নিবন্ধন নথি দেখতে পারবেন।

**আপনি বিশেষ ব্যালটের জন্যও অনুরোধ করতে পারেন ফলে নির্বাচনের দিনে আপনাকে আপনার ভোট কেন্দ্রে যাবার প্রয়োজন নেই।** আপনার বারার বোর্ড অফ ইলেকশন অফিসে যোগাযোগ করে জেনে নিন গোপনীয় নিবন্ধন এবং বিশেষ ব্যালট বিষয়ে তাঁদের কার্যপ্রণালী।

## বর্তমানে আমি গৃহহীন, আমি কি ভোটার নিবন্ধন করতে ও ভোট দিতে পারবো?

হ্যাঁ, আপনার ভোটার হিসাবে নিবন্ধন ও ভোট দানের অধিকার আছে। একটি ভোটার নিবন্ধন ফর্ম পূরণ করুন এবং কোথায় আপনাকে পাওয়া যাবে তা উল্লেখ করুন, যেমন “সেন্ট্রাল পার্কের 86 স্ট্রিটের বেঞ্চে” যে ঠিকানায় আপনি থাকেন। এই ঠিকানার উপর ভিত্তি করে আপনাকে একটি ভোট কেন্দ্র প্রদান করা হবে। আপনি যে ঠিকানায় চিঠিপত্র পেয়ে থাকেন, আশ্রয়কেন্দ্রের, পি ও বক্স বা পরিবারের সদস্যের ঠিকানা লিখুন। আপনার ভোটার কার্ডটি ঐ ঠিকানায় পাঠিয়ে দেয়া হবে।

## গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হলে কি আমার ভোটার নিবন্ধন ও ভোট দান অধিকারের প্রভাব পরবে?

আপনি হয়তো নিবন্ধন করতে বা ভোট দিতে পারবেন **না**, যদি আপনি একটি গুরুতর অপরাধের জন্য অপরাধী সাব্যস্ত হন:

- আপনি বর্তমানে কারাবন্দী আছেন; বা
- আপনি পরোলের তত্ত্বাবধানের আওতায় আছেন।

আপনি হয়তো নিবন্ধন বা ভোট দিতে পারবেন, যদি আপনি একটি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হন:

- আপনি প্রবেশনে দণ্ডিত হয়ে ছিলেন;

- আপনাকে কারাদণ্ডে দণ্ডিত করা হয় নাই বা আপনার কারাদণ্ড স্থগিত করা হয়েছিল;
- আপনি আপনার কারাদণ্ড বেশিভাগ ভোগ করে ফেলেছেন, সেই ক্ষেত্রে আপনি আবার ভোটার হিসাবে নিবন্ধিত হতে পারেন
- আপনি পরোলে ছিলেন অতঃপর অব্যাহতি পেয়েছেন, এমনতাবস্থায় আপনি ভোটের জন্য পুনঃ-নিবন্ধন হতে পারবেন
  বা
- আপনার সাজা মার্জনা হয়ে যায়।

## অপকর্মের জন্য দোষী সাব্যস্ত হলে কি আমার ভোটার নিবন্ধন ও ভোট দানের অধিকারে প্রভাব পরবে?

আপনি কারাগার থেকেও নিবন্ধন ও ভোট দিতে পারেন, যদি আপনি কেবলমাত্র একটি অপকর্মের জন্য দোষী সাব্যস্ত হন। আপনি নিউ ইয়র্ক ষ্টেটের, অন্য ষ্টেটের কোন কোর্টে বা একটি ফেডারেল কোর্টে সাজাপ্রাপ্ত হল ,একই নিয়ম প্রযোজ্য হবে। ভোটার নিবন্ধন ও ভোট দানের জন্য আপনাকে আপনার অপরাধের কোন নথি প্রদান করতে হবে না।

# ভোট সংক্রান্ত সচরাচর জিজ্ঞাসা করা প্রশ্নমালা

### প্রাইমারী নির্বাচন কি?

একটি প্রাইমারী নির্বাচন অনুষ্ঠিত হয় যখন একাধিক প্রার্থী একটি দলের নমিনেশন চান এবং সফলভাবে ব্যালটে যাবার সকল ধাপ সম্পন্ন করে আসেন। প্রাইমারী নির্বাচনে বিজয়ী প্রার্থী ঐ দলের মনোনীত প্রার্থী হিসাবে নভেম্বরের সাধারণ নির্বাচনে যোগ দেবেন ।

### আমি কি প্রাইমারী নির্বাচনে ভোট দিতে পারি?

আপনি যদি নিবন্ধিত ভোটার হিসাবে এমন কোনো দলে তালিকাভুক্ত হয়ে থাকেন (নির্দিষ্ট সময় সীমার মধ্যে) যে দল প্রাইমারী নির্বাচনের আয়োজন করছে, তাহলে আপনি প্রাইমারীতে ভোট দিতে পারবেন। স্টেট পার্টি নিয়মানুযায়ী নির্দিষ্ট প্রাইমারী নির্বাচনে অ-নিবন্ধিত ভোটাররাও ভোট দিতে পারবেন, BOE এর সাথে যোগাযোগ করে জেনে নিন আপনি ভোট দানের  যোগ্য কিনা।

### 'রানঅফ' প্রাইমারী নির্বাচন কাকে বলে এবং তাতে কি আমি ভোট দিতে পারি?

শহরব্যাপী পদের জন্য (মেয়র, পাবলিক অ্যাডভোকেট অথবা কম্পট্রোলার) যদি কোনো প্রার্থী প্রাথমিক নির্বাচনের  সমগ্র ভোটের অন্তত ৪০% না পান, তাহলে সর্বাধিক ভোট প্রাপ্ত দুই জন প্রার্থীর মধ্যে একটি 'রানঅফ' প্রাথমিক নির্বাচন করা হয়। আপনি যদি প্রাথমিকে ভোট দেয়ার যোগ্য হন, তাহলে যে দলে আপনি তালিভুক্ত তার যে কোনো রানঅফ প্রাথম্ক-কে আপনার ভোট দেয়ার যোগ্যতা হবে।

### সাধারণ নির্বাচন কি এবং আমি কি তাতে ভোট দিতে পারি?

সাধারণ নির্বাচনে  বিভিন্ন দলের প্রার্থীগণ নির্বাচনী আসনে বিজয়ী হবার লক্ষে প্রতিদ্বন্দ্বিতা করেন। ব্যালটের প্রতিটি আসনে যে কোনো দলের যে কোনো প্রার্থীর পক্ষে আপনি ভোট দিতে পারেন। আপনি ব্যালট প্রস্তাবনাতেও "হ্যাঁ" বা "না" সূচক ভোট দিতে পারেন। নির্দিষ্ট সময়ের মধ্যে যে সকল ভোটারগণ নিবন্ধিত হয়েছেন তাদের সাধারণ নির্বাচনে ভোট দেয়ার যোগ্যতা আছে।

### বিশেষ নির্বাচন কি এবং আমি কি তাতে ভোট দিতে পারবো?

বিশেষ নির্বাচন হলো, যখন একটি অফিসের পদ নির্ধারিত মেয়াদপূর্ণের আগে শূন্য হয়ে যায়, যেমন, কোন নির্বাচিত প্রতিনিধি পদত্যাগ করেন বা অন্য অফিসের জন্য নির্বাচিত হন। এমনটি হলে, স্বল্প সময়ের মধ্যে মেয়াদ শেষ হওয়া পর্যন্ত আসনটি পূরনের জন্য একটি বিশেষ নির্বাচন ঘোষণা করা হয়। আপনি বিশেষ নির্বাচনে ভোট দিতে পারবেন, যদি আপনি সময়সীমার মধ্যে ভোট দানের জন্য নিবন্ধিত হন এবং আপনি যে ডিসট্রিক্টে বাস করেন সেখানে বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে ।

## ব্যালট প্রস্তাবনা কি?

ব্যালট প্রস্তাবনা হচ্ছ, যখন ভোটারগনের সিদ্ধান্তের উপলক্ষে ব্যালটে একটা প্রশ্ন উথাপিত হয়। ব্যালটের প্রশ্নগুলো বন্ড ইস্যু সংক্রান্ত হতে পারে অথবা নিউ ইয়র্ক স্টেট সংবিধানের প্রস্তাবিত সংশোধন অথবা নিউ ইয়র্ক সিটি চার্টারের সংশোধন সংক্রান্তে হতে পারে। কোনো কোনো ক্ষেত্রে জনৈক ব্যক্তি বা গোষ্ঠী ব্যালটে কোনো প্রশ্ন উথাপনের জন্য একটি পিটিশন জমা দিতে পারেন।

## আমি জানি না যে, আমি ভোটের জন্য নিবন্ধিত কিনা- কিভাবে জানতে পারবো?

আপনার নিবন্ধনের পরিস্থিতি অনলাইনে দেখার জন্য
http://voterlookup.elections.state.ny.us
(http://voterlookup.elections.state.ny.us) ব্যবহার করুন বা সহযোগিতার জন্য ফোন করুন 866-VOTE-NYC (শ্রবণ প্রতিবন্ধীদের জন্য 212-487-5496)।

## আমার নিবন্ধনের কি মেয়াদ উর্ত্তীন হতে পারে?

আপনার **নিবন্ধনের** মেয়াদ উর্ত্তীনের কোন সময়সীমা নেই। তথাপি, আপনি যদি দুটি ফেডারেল নির্বাচনে ভোট না দিয়ে থাকেন বা আপনি আপনার ঠিকানা পরিবর্তন করেছেন এবং BOE কে আপনার নতুন ঠিকানার খবর জানান নাই, তাহলে আপনার নিবন্ধন-টা“স্থগিত” হওয়ার সম্ভবনা আছে এবং আপনার ভোট কেন্দ্রের ভোটার তালিকায় হয়তো আপনার নাম না-ও থাকতে পারে। আপনি যদিও এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন।

## ভোট দিতে আমি কোথায় যাব?

আপনি ভোট প্রদানের জন্য নিবন্ধিত হবার ২-৩ সপ্তাহের পরে ডাক যোগে আপনার ভোটার কার্ডটি পাবেন যেখানে আপনার ভোট কেন্দ্রের তথ্য থাকবে। নির্বাচন বোর্ডের ভোট কেন্দ্র লোকেটর (http://nyc.pollsitelocator.com) ব্যবহার করেও আপনি জেনে নিতে পারেন।

## আমি যদি গতবার ভোট প্রদানের পর নিউ ইয়র্ক সিটির মধ্যে বাসা পরিবর্তন করে থাকি, তবে কি হবে?

যখন আপনি ঠিকানা পরিবর্তন করেন, নিউ ইয়র্ক ষ্টেটের আইনানুযায়ী ২৫ দিনের মধ্যে আপনার BOE-কে পরিবর্তিত ঠিকানা জানাতে হবে। নতুন ভোটার নিবন্ধন ফর্মের "ভোট দানের যে তথ্য পরিবর্তন হয়েছে" বক্স সহ সকল তথ্য পূরণ করে জমা দিয়ে আপনি সেটা করতে পারেন। আপনার নতুন ও পুরাতন ঠিকানা লিখুন, যে দলের আপনি অন্তর্ভুক্ত হতে চান সে দলের বক্সে চিহ্নিত করুন (আপনি আপনার পুরাতন ঠিকানায় যদি কোনো একটি দলের সঙ্গেঅন্তর্ভুক্ত ছিলেন, তাহলেও এটা চিহ্নিত করুন) এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করুন। যদি আপনি বাসা পরিবর্তন করেছেন কিন্তু সময়সীমার মধ্যে BOE নিকট ঠিকানা পরিবর্তন না করে থাকেন, তবে আপনি আপনার নতুন ভোট কেন্দ্রে গিয়ে অবশ্যই এফিডেফিট ব্যালটের মাধ্যমে ভোট দিবেন। আপনার পরিবর্তিত ঠিকানা সংযোজন হয়েছে কিনা তা 866-VOTE-NYC নাম্বারে ফোন করে জেনে নিন।

## ভোট দিতে গিয়ে ভোটার বহিতে স্বাক্ষর করার সময় যদি আমার নাম না থাকে, তবে কি হবে?

প্রথমে, নিশ্চিত হন যে আপনি আপনার এসেম্বলি এবং ইলেকশন ডিসট্রিক্টের সঠিক টেবিলে স্বাক্ষর করছেন। এই ডিসট্রিক্ট নম্বরগুলো CFB থেকে আপনি যে ভোটার গাইড পেয়েছেন তার নামের লেবেলের নোটিশে মুদ্রিত আছে এবং BOE থেকে ডাক যোগে প্রতি নির্বাচনের আগে সকল নিবন্ধিত ভোটারদের কাছে প্রেরিত ম্যাইলার আছে।

আপনি যখন নিশ্চিত হবেন যে, আপনি সঠিক টেবিলে স্বাক্ষর করছেন, ভোটার তালিকায় আপনার নাম যদি না থাকে, হয়তোবা BOE আপনার নিবন্ধনের ফর্ম পায়নি। আপনি যদি মনে করেন যে, আপনি ভোট প্রাদানে যোগ্য, আপনি ভোট দিতে পারবেন। একজন পোল ওয়ার্কারের কাছে থেকে এফিডেফিট ব্যালট চেয়ে নিয়ে নির্দেশনা অনুযায়ী পূরণ করুন। নির্বাচন শেষে BOE নথি পরীক্ষা করবে, আপনি যদি ভোট দানে যোগ্য থাকেন তবে আপনার ভোট গণ্য হবে। আর যদি না হয়, তাহলে আপনি একটি নোটিশ পাবেন যে আপনি ভোট দানে যোগ্য ছিলেন না সেই সাথে ভবিষ্যৎ নির্বাচনের জন্য নিবন্ধন ফর্ম।

## একটি এফিডেফিট ব্যালট কি?

একটি এফিডেফিট ব্যালট হলো একটি কাগজের ব্যালট যা আপনি অনুরোধ করে পেতে পারেন যদি আপনি বিশ্বাস করেন যে আপনি সঠিক ভোট কেন্দ্রে গিয়েছেন এবং আপনার ভোট দেয়ার যোগ্যতা আছে কিন্তু ভোটার বহিতে আপনার নাম নেই (যেমন, আপনি বাসা বদল করে ঠিকানা হালনাগাদ করেননি বা ভোটার বহিতে নাম উঠানোর জন্য সময়মত আপনার পরিবর্তিত ঠিকানা ছাপানোর ব্যবস্থা নেয়া হয়নি)। ব্যালট পেপার ও খাম নির্দেশনা অনুযায়ী পূরণ করুন এবং পূরণ করা হয়ে গেলে একজন পোলিং এজেন্টকে দিন। নির্বাচন শেষে বোর্ড অফ ইলেকশন নথি পরীক্ষা করবে- আপনি যদি ভোট দেবার যোগ্য থাকেন, সঠিক ভোট কেন্দ্রে গিয়েছেন এবং ব্যালট ও খাম সঠিক ভাবে পূরণ করেছেন, তাহলে আপনার প্রদেয় ভোট গণ্য হবে। আর যদি না হয়, তবে আপনার ভোট গণ্য হয়নি জানিয়ে নোটিশ দেয়া হবে।

আপনার এফিডেফিট খামটি আগামী নির্বাচনগুলোর জন্য নিবন্ধন ফর্ম হিসাবে কাজ করবে যদি আপনি ভোট দানে যোগ্য না থাকেন এবং সঠিকভাবে পূরণ করে থাকেন।

## যদি একজন পোল ওয়ার্কার আমার ভোটাধিকার নিয়ে প্রশ্ন তুলে?

যদি একজন পোল ওয়ার্কার আপনার ভোটাধিকার নিয়ে চ্যালেঞ্জ করেন যথা, আপনি যে ব্যক্তি বলে দাবি করছেন আপনি সে নন বা আপনি এই ডিসট্রিক্টে বসবাস করেন নাই তাহলে আপনি পোল ওয়ার্কারকে শপথ গ্রহণ করার জন্য অনুরোধ করতে পারেন যে, আপনি ভোট দানে যোগ্য। আপনি শাস্তি বিধানের অধীনে শপথ

করবেন যে, আপনি ভোট দানে যোগ্য এবং সক্ষম, এর পর আপনি সাধারণ (এফিডেফিট নয়) ব্যালটে ভোট দিতে পারবেন।

## নির্বাচনের দিনে আমার ভোট কেন্দ্রে আমি যদি যেতে না পারি?

যদি কাউন্টি বা নিউ ইয়র্ক সিটি নির্বাচনের দিনে, সাময়িক বা স্থায়ী অসুস্থতা অথবা শারীরিক অক্ষমতা, হাসপাতালে ভর্তি, এক বা একাধিক অসুস্থ বা অক্ষম ব্যক্তির প্রাথমিক পরিচর্যার কর্তব্যে নিয়োজিত, অথবা ভেটারেন অ্যাডমিনিস্টেট্রশন হসপিটালের নিরোধাগারে, জেল বা হাজত বাস, বিচারের অপেক্ষায় বা গ্র্যান্ড জুরি প্রক্রিয়াধিনে অথবা জেল শাস্তি ভোগ করছেন কোনো অপরাধে দোষী সাব্যস্থ হওয়ার কারণে বা অন্যায় কাজ যা গুরুতর অপরাধ যোগ্য নয়, এমন কোনো কারনে ভোট কেন্দ্রে না যাওয় হয়, তবে আপনি অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন।

অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দেয়ার দুইটি উপায় আছে : সশরীরে অথবা ডাক যোগে।

**ডাক যোগে :** 866-VOTE-NYC ফোন করে ব্যালট আবেদনের অনুরোধ পত্র অথবা BOE-এর ওয়েবসাইট (www.vote.nyc.ny.us) থেকে ডাউনলোড করতে পারেন। আবেদনটি পূরণ করে আপনার BOE এর বোরো অফিসে নির্দিষ্ট সময়-সীমার মধ্যে পাঠিয়ে দিন। BOE আপানকে ডাক যোগে একটি অ্যাবসেন্টি ব্যালট পাঠাবে। তা পূরণ করে নির্দিষ্ট সময়-সীমার মধ্যে আপনি BOE এর বোরো অফিসে পাঠিয়ে দিন।

**সশরীরে**: যখন থেকে ব্যালট হাতে আসে তখন থেকে অ্যাবসেন্টি ভোট দান শুরু হয় ( অন্তত নির্বাচনের ৩২ দিন আগে) এবং শেষ হয় নির্বাচনের দিনে। এটি আপনার BOE বোরো অফিসে সোম থেকে শুক্র, এবং নির্বাচনী দিনের আগের সপ্তাহের ছুটির দিনে সকাল ৯ টা থেকে বিকেল ৫টাএবং নির্বাচনের দিনে রাত ৯টা পর্যন্ত পরিচালিত হয়।

**বিশেষ দ্রষ্টব্য:** আপনার যদি অ্যাবসেন্টি ব্যালট ডাক যোগে সংগ্রহ করার নির্দিষ্ট সময় সীমা পার হয়ে যায় এবং দুর্ঘটনা জনিত কারণে বা আকস্মিক অসুস্থতার কারণে নির্বাচনের দিনে আপনার নির্বাচনী কেন্দ্রে যেতে না পারেন তাহলে আপনি অনুমোদন পত্রসহ আপনার প্রতিনিধিকে আপনার পক্ষ্যথেকে অ্যাবসেন্টি ব্যালট প্রদান করার জন্য BOE বোরো অফিসে পাঠাতে পারেন। BOE বোরো অফিসে নির্বাচনের দিনে রাত ৯ টার মধ্যে আপনাকে সম্পূর্ণ পূরণকৃত আবেদন এবং ব্যালট ফেরত দিতে হবে।

## আমি নিশ্চিত না যে, এই নির্বাচনের ব্যালটে কি আছে – কোথা থেকে আমি জানতে পারি?

NYC ভোটস' এর অনলাইন www.nyccfb.info/voterguide ভোটার গাইডে থেকে প্রার্থীদের ও ব্যালট প্রশ্নগুলোর সম্পর্কে জানতে পারবেন। একটি মুদ্রিত গাইড ডাক যোগে ভোটারদের নিকট প্রেরণ করা হয় যখন স্থানীয় অফিস (যেমন মেয়র এবং সিটি কাউন্সিল মেম্বার) বা সিটি ব্যালটের প্রশ্নমালা ব্যালটে থাকে।

## আমি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হয়েছি, আমি কি ভোট দিতে পারবো?

আপনি যদি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হন, তবে আপনার কারাভোগ এবং/বা পরোল সম্পন্ন হওয়ার পর আপনি নিবন্ধিত ও ভোট দিতে পারবেন। আরও তথ্যের জন্য ভোটার নিবন্ধনের সচারচর জিজ্ঞাসা করা প্রশ্নমালা দেখুন।

## বর্তমানে আমি গৃহহীন, আমি কি ভোট দিতে পারবো?

হ্যাঁ, যদি আপনি নিবন্ধিত থাকেন। আরও তথ্যের জন্য, ভোটার নিবন্ধনের সচারচর জিজ্ঞাসা করা প্রশ্নমালা দেখুন।

## ভোট দানের সময় আমার কি পরিচয়পত্র দেখাতে হবে?

অধিকাংশ ক্ষেত্রে ভোট দানের সময় আপনাকে পরিচয়পত্র দেখাতে হবে না। আপনি যদি প্রথমবারের মত ভোট দিতে যান, তবে ত প্রমানের জন্য আপনাকে ছবিসহ পরিচয়পত্র দেখাতে হতে পারে।

## আমি একজন নিবন্ধিত ভোটার কিন্তু আমার ভোট কেন্দ্রের ভোটার তালিকায় আমার নাম নেই- আমি কি ভোট দিতে পারবো?

হ্যাঁ। আপনি যদি সঠিক ভোট কেন্দ্রে যান কিন্তু আপনার নাম তালিকায় নেই, তবে আপনি এফিডেফিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন। নির্বাচনী কর্মীদের কাছে এফিডেফিট ব্যালট চাওয়ার পূর্বে আপনার উচিৎ যে ভোট কেন্দ্র লোকেটরটি ভাল করে যাচাই বাছাই করে নিশ্চিত হন যে, আপনি সঠিক কেন্দ্রই এসেছেন। নির্বাচনের পরে BOE যাচাই করে দেখবে যে, আপনার ভোটটি গণ্য হবে কিনা এবং পরবর্তীতে আপনি ভোট প্রদানের যোগ্য থাকবেন কিনা। আর যদি না হয়, তবে আপনি একটি নিবন্ধন ফর্মসহ নোটিশ পাবেন যে, ভোট প্রদানে আপনি যোগ্য ছিলেন না এবং আগামী নির্বাচনের জন্য নিবন্ধন করতে পারেন।